

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ

স্মারক নং-স্থাসবি/প্রশাসন-১/সি-২/২০০৬/১২৪৫

তারিখ : ৩১ মে, ২০০৬

পরিপত্র

স্থানীয় সরকার বিভাগের অধীন দপ্তর/সংস্থাসমূহের যানবাহন অকেজো ঘোষণার নিমিত্তে মাঠ পর্যায়ে নিম্নরূপ উপ-কমিটি গঠন করা হলো :

- | | |
|--|--------------|
| ১) জেলা প্রশাসক | - সভাপতি |
| ২) প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব, সংশ্লিষ্ট জেলা পরিষদ | - সদস্য |
| ৩) চেয়ারম্যান/প্রতিনিধি, সংশ্লিষ্ট পৌরসভা | - সদস্য |
| ৪) নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | - সদস্য |
| ৫) নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | - সদস্য |
| ৬) মোটরযান পরিদর্শক (প্রয়োজ্য ক্ষেত্রে নৌযান পরিদর্শক) | - সদস্য |
| ৭) উপ-পরিচালক (স্থানীয় সরকার), জেলা প্রশাসকের কার্যালয় | - সদস্য-সচিব |

২। কমিটি স্থানীয় সরকার বিভাগের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই), জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ - এর মালিকানাধীন যানবাহন অকেজোর ক্ষেত্রে যথাসময়ে আহ্বান করবে।

৩। যানবাহন অকেজো ঘোষণার লক্ষ্যে প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষান্তে যথাযথ সুপারিশ/মতামতসহ প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে দাখিল করবে।

৪। সংস্থাপন মন্ত্রণালয়ের ২৬-০৯-১৯৮৪ ইং তারিখের এম ই (টিআর) আইপি-৭/৮৪ (পিটি)-৫৯০ (১০০) নং স্মারক মোতাবেক দুর্ঘটনা কবলিত যানবাহন অকেজো ঘোষণার ক্ষেত্রে Standing Committee র সুপারিশসহ প্রস্তাব প্রেরণ করবে।

৫। জেলা কমিটির সুপারিশ ব্যতিত কোন প্রস্তাব এ বিভাগে প্রেরণ করা হলে তা বিবেচনাযোগ্য হবে না।

(সালেহ আহমদ মোজাফ্ফর)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৭১৬৯১৭৯

নং-স্থাসবি/প্রশাসন-১/সি-২/২০০৬/১২৪৫

তারিখ : ৩১ মে, ২০০৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেয়া হলো :

- ১। চেয়ারম্যান, বিআরটিএ, এলেনবাড়ী, ফার্মগেট, ঢাকা।
- ২। প্রধান প্রকৌশলী, এলজিইডি/ডিপিএইচই, ঢাকা। তাঁর অধীন দপ্তরসমূহকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ৩। জেলা প্রশাসক (সকল),
- ৪। সিনিয়র সহকারী সচিব (জেপ্র/পৌর-১/২), স্থানীয় সরকার বিভাগ। তার অধীন জেলা পরিষদ/সিটি কর্পোরেশন পৌরসভাসমূহকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার (সকল), জেলা প্রশাসকের কার্যালয়,

(সালেহ আহমদ মোজাফ্ফর)
সিনিয়র সহকারী সচিব